CONNECT • EMPOWER • INSPIRE

Begum Iqbal Zakir Hossain Girls' Alumni Association
BIZHGAA
2026
CONNECT • EMPOWER • INSPIRE

Begum Iqbal Zakir Hossain Girls' Alumni Association (BIZHGAA)

CONSTITUTION & BYLAWS

Founding Edition

Version 1.0 (2026)

Begum Iqbal Zakir Hossain Girls' Alumni Association (BIZHGAA)

Rangunia, Chattogram, Bangladesh.



BIZHGAA

Begum Iqbal Zakir Hossain Girls' Alumni Association

Rangunia, Chattogram, Bangladesh

CONSTITUTION & BYLAWS

FOUNDING EDITION

Version 1.0 (2026)

CONNECT • EMPOWER • INSPIRE

"শিকড় থেকে শিখরে"

"Knowledge unites generations, inspires leadership and strengthens lifelong bonds."

"জ্ঞান প্রজন্মকে সংযুক্ত করে, নেতৃত্বে অনুপ্রাণিত করে এবং আজীবন বন্ধনের ভিত্তি গড়ে তোলে।"

© 2026
Begum Iqbal Zakir Hossain Girls' Alumni Association (BIZHGAA)
All rights reserved.

No part of this Constitution may be reproduced, stored or transmitted in any form or by any means without prior approval of the Executive Committee of BIZHGAA, except for official organizational purposes.

Prepared & Edited by
Anjana Roy Chowdhury
Convener, First Reunion–2026

First Published
July 2026

Together Forever, Beyond the Campus.

End of the Founding Constitution – Version 1.0 (2026)

প্রণয়ন ও সম্পাদনা

(Prepared & Edited)

BIZHGAA

Constitution & Bylaws

Founding Edition

Version 1.0 (2026)

প্রণয়ন ও সম্পাদনা

Anjana Roy Chowdhury

Convener, First Reunion–2026

সম্পাদকীয় বক্তব্য

Begum Iqbal Zakir Hossain Girls' Alumni Association (BIZHGAA)-এর এই Constitution & Bylaws (Founding Edition – Version 1.0) সংগঠনের প্রতিষ্ঠাকালীন আদর্শ, লক্ষ্য, মুল্যবোধ এবং ভবিষ্যৎ সাংগঠনিক কার্যক্রমের একটি লিখিত ভিত্তি হিসেবে প্রণীত ও সম্পাদিত হয়েছে।

এই গঠনতন্ত্র প্রণয়নের মুল উদ্দেশ্য হলো—প্রাক্তন শিক্ষার্থীদের মধ্যে আজীবন বন্ধন সুদৃঢ় করা, সংগঠনের কার্যক্রমকে একটি সুশৃঙ্খল, স্বচ্ছ, জবাবদিহিমুলক ও অংশগ্রহণমূলক কাঠামোর মধ্যে পরিচালিত করা এবং আগামী প্রজন্মের জন্য একটি স্থায়ী ও দিকনির্দেশনামুলক সাংগঠনিক ভিত্তি প্রতিষ্ঠা করা।

এতে সংগঠনের পরিচয়, মুলনীতি, সদস্যপদ, সাংগঠনিক কাঠামো, নির্বাচন পদ্ধতি, সভা পরিচালনা, আর্থিক ব্যবস্থাপনা, গঠনতন্ত্র সংশোধন, সংগঠন বিলুপ্তি এবং অন্যান্য প্রয়োজনীয় বিধানসমুহ সুস্পষ্টভাবে অন্তর্ভুক্ত করা হয়েছে।

এই গঠনতন্ত্র প্রণয়নের ক্ষেত্রে সুশাসন, স্বচ্ছতা, জবাবদিহিতা, মানবিক মুল্যবোধ, প্রযুক্তিনির্ভর আধুনিক ব্যবস্থাপনা এবং প্রিয় শিক্ষাপ্রতিষ্ঠানের প্রতি আজীবন দায়বদ্ধতার চেতনাকে সর্বোচ্চ গুরুত্ব প্রদান করা হয়েছে।

আমরা বিশ্বাস করি, এই গঠনতন্ত্র কেবল বর্তমান প্রজন্মের জন্য নয়; ভবিষ্যৎ প্রজন্মের প্রাক্তন শিক্ষার্থীদের জন্যও একটি নির্ভরযোগ্য দিকনির্দেশনা হিসেবে কাজ করবে এবং Begum Iqbal Zakir Hossain Girls' Alumni Association (BIZHGAA)-কে একটি ঐক্যবদ্ধ, গতিশীল ও আদর্শ Alumni Association হিসেবে প্রতিষ্ঠিত করতে গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করবে।

সময়ের পরিবর্তন, নতুন বাস্তবতা ও ভবিষ্যতের প্রয়োজন অনুয়ায়ী এই গঠনতন্ত্র সংশোধিত হতে পারে; তবে এর মৌলিক আদর্শ—ঐক্য, অংশগ্রহণ, সততা, জবাবদিহিতা, মানবিকতা এবং প্রিয় শিক্ষাপ্রতিষ্ঠানের প্রতি আজীবন ভালোবাসা—চিরকাল অটুট থাকবে।

> “ একটি প্রতিষ্ঠান শুধু বর্তমানের জন্য নয়;
> ভবিষ্যৎ প্রজন্মের জন্যও একটি সুশৃঙ্খল ভিত্তি নির্মাণ করে।
> এই গঠনতন্ত্র সেই ভিত্তি নির্মাণের একটি আন্তরিক প্রয়াস।” ”

• জুলাই ২০২৬ •

রাঙ্গুনিয়া, চট্টগ্রাম, বাংলাদেশ



প্রতিষ্ঠাতা অঙ্গীকার

”আমরা অঙ্গীকার করছি যে, এই গঠনতন্ত্রে বর্ণিত নীতি, আদর্শ ও উদ্দেশ্যকে ধারণ করে Begum Iqbal Zakir Hossain Girls' Alumni Association (BIZHGAA)-কে একটি স্বচ্ছ, জবাবদিহিমূলক, অংশগ্রহণমূলক এবং মানবিক সংগঠন হিসেবে গড়ে তুলতে সর্বদা সচেষ্ট থাকব।”

প্রস্তাবনা (Preamble)

আমরা, বেগম ইকবাল জাকির হোসেন বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থীবৃন্দ, আমাদের প্রিয় শিক্ষা প্রতিষ্ঠানের প্রতি গভীর শ্রদ্ধা, কৃতজ্ঞতা ও আজীবন আত্মিক বন্ধনের চেতনায় উদ্বুদ্ধ হয়ে, প্রজন্ম থেকে প্রজন্মে পারস্পরিক সম্প্রীতি, সহযোগিতা, নেতৃত্ব, মানবিক মূল্যবোধ এবং সামাজিক দায়বদ্ধতা সুদৃঢ় করার লক্ষ্যে Begum Iqbal Zakir Hossain Girls Alumni Association (BIZHGAA) প্রতিষ্ঠা করিলাম।

আমরা বিশ্বাস করি, একটি বিদ্যালয় কেবল শিক্ষা অর্জনের স্থান নয়; এটি মানুষের চরিত্র গঠন, মূল্যবোধের বিকাশ, বন্ধুত্বের ভিত্তি নির্মাণ এবং আজীবন পরিচয়ের সূতিকাগার। সেই বিশ্বাসকে ধারণ করে আমরা বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থীদের মধ্যে একটি সুসংগঠিত, অরাজনৈতিক, অলাভজনক ও সেবামূলক প্ল্যাটফর্ম গড়ে তোলার অঙ্গীকার করছি।

আমাদের প্রত্যয়– **শিকড়ের টানে, প্রাণের বন্ধনে।**

এই মূলমন্ত্রকে ধারণ করে আমরা প্রাক্তন শিক্ষার্থীদের পারস্পরিক যোগাযোগ সুদৃঢ় করা, বিদ্যালয়ের সার্বিক উন্নয়নে সহায়তা করা, শিক্ষা, সংস্কৃতি, মানবকল্যাণ, নেতৃত্ব বিকাশ, পেশাগত সহযোগিতা এবং সমাজসেবামূলক কার্যক্রম পরিচালনার মাধ্যমে একটি শক্তিশালী, প্রগতিশীল ও আদর্শ অ্যালামনাই কমিউনিটি গড়ে তোলার জন্য অঙ্গীকারবদ্ধ।

এই উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যে আমরা ন্যায়, স্বচ্ছতা, জবাবদিহিতা, গণতান্ত্রিক মূল্যবোধ, পারস্পরিক শ্রদ্ধা, সমতা ও ভ্রাতৃত্বসুলভ (বোনত্বপূর্ণ) সম্পর্কের আদর্শকে সমুন্নত রেখে এই গঠনতন্ত্র (Bylaws/Constitution) প্রণয়ন, গ্রহণ ও নিজেদের জন্য বিধিবদ্ধ করিলাম।

প্রতিজ্ঞা (Oath)

আমরা অঙ্গীকার করছি যে, বিদ্যালয়ের গৌরব, ঐতিহ্য ও মর্যাদা সমুন্নত রাখব; প্রাক্তন শিক্ষার্থীদের মধ্যে সৌহার্দ্য, সহযোগিতা ও মানবিক বন্ধন অটুট রাখব; এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি দায়িত্বশীল, অন্তর্ভুক্তিমূলক ও টেকসই অ্যালামনাই সংগঠন গড়ে তুলতে সততা, নিষ্ঠা ও সম্মিলিত প্রয়াসে কাজ করে যাব।

গঠনতন্ত্রটিকে ১২ টি অধ্যায়ে বিন্যস্ত করা হয়েছে।

অধ্যায় ১

নাম, পরিচয়, প্রকৃতি, কার্যালয় ও আইনগত অবস্থান।

ধারা-১ : নাম

এই সংগঠনের নাম "বেগম ইকবাল জাকির হোসেন বালিকা উচ্চ বিদ্যালয় প্রাক্তন শিক্ষার্থী সমিতি"।
ইংরেজিতে: Begum Iqbal Zakir Hossain Girls Alumni Association
সংক্ষিপ্ত রূপ: BIZHGAA

ধারা-২ : প্রতিষ্ঠার উদ্দেশ্য

এই সংগঠন প্রতিষ্ঠিত হয়েছে বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থীদের মধ্যে আজীবন পারস্পরিক যোগাযোগ, সহযোগিতা, সৌহার্দ্য, মানবিক মূল্যবোধ, পেশাগত নেটওয়ার্ক এবং বিদ্যালয়ের সার্বিক উন্নয়নে সম্মিলিত ভূমিকা নিশ্চিত করার উদ্দেশ্যে।

ধারা-৩ : সংগঠনের প্রকৃতি

এই সংগঠন হবে:

- ❖ অলাভজনক (Non-Profit)
- ❖ অরাজনৈতিক (Non-Political)
- ❖ অসাম্প্রদায়িক (Non-Sectarian)
- ❖ স্বেচ্ছাসেবী (Voluntary)
- ❖ গণতান্ত্রিক (Democratic)
- ❖ অন্তর্ভুক্তিমূলক (Inclusive)

কোনো রাজনৈতিক দল, ধর্মীয় মতবাদ বা ব্যক্তিগত স্বার্থের পক্ষে সংগঠনকে ব্যবহার করা যাবে না।

ধারা-৪ : প্রধান কার্যালয়

সংগঠনের প্রধান কার্যালয় হবে: বেগম ইকবাল জাকির হোসেন বালিকা উচ্চ বিদ্যালয়, সৈয়দবাড়ি, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম, বাংলাদেশ।

প্রয়োজনে নির্বাহী কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অস্থায়ী প্রশাসনিক কার্যালয় স্থাপন করা যেতে পারে।

ধারা-৫ : কার্যপরিধি

সংগঠনের কার্যপরিধি বাংলাদেশসহ বিশ্বের যে কোনো দেশে বসবাসরত বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করবে।

অনলাইন ও অফলাইন উভয় মাধ্যমেই সংগঠনের কার্যক্রম পরিচালিত হতে পারবে।

ধারা-৬ : আইনগত অবস্থান

৬.১ এই গঠনতন্ত্র কার্যকর হওয়ার সঙ্গে সঙ্গে Begum Iqbal Zakir Hossain Girls Alumni Association (BIZHGAA) একটি স্বেচ্ছাসেবী, অলাভজনক ও অরাজনৈতিক সংগঠন হিসেবে কার্যক্রম পরিচালনা করবে।

৬.২ সংগঠনটি প্রাথমিক পর্যায়ে কোনো সরকারি নিবন্ধন ব্যতিরেকেই এই গঠনতন্ত্র এবং নির্বাহী কমিটির গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী পরিচালিত হবে।

৬.৩ ভবিষ্যতে সংগঠনের কার্যক্রম, প্রয়োজনীয়তা এবং সদস্যদের স্বার্থ বিবেচনা করে স্থায়ী নির্বাহী কমিটি সাধারণ সভার অনুমোদনক্রমে প্রযোজ্য আইনের অধীনে সংগঠনটি নিবন্ধনের উদ্যোগ গ্রহণ করতে পারবে।

৬.৪ সংগঠনের আর্থিক কার্যক্রম পরিচালনার জন্য নির্বাহী কমিটির লিখিত সিদ্ধান্ত (Resolution) অনুযায়ী একটি বা একাধিক ব্যাংক হিসাব খোলা ও পরিচালনা করা যাবে।

৬.৫ ব্যাংক হিসাব পরিচালনার জন্য নির্বাহী কমিটি প্রয়োজন অনুসারে অনুমোদিত স্বাক্ষরকারী (Authorized Signatories) নির্ধারণ করবে এবং তাদের যৌথ স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালিত হবে।

৬.৬ সংগঠনের নিবন্ধন সম্পন্ন হওয়ার পর, প্রয়োজন অনুযায়ী ব্যাংক হিসাব ও অন্যান্য প্রশাসনিক কার্যক্রম সংশ্লিষ্ট নিবন্ধিত প্রতিষ্ঠানের নামে হালনাগাদ বা স্থানান্তর করা যাবে।

৬.৭ অন্তর্বর্তীকালীন প্রশাসনিক ব্যবস্থা

সংগঠন নিবন্ধিত না হওয়া পর্যন্ত নির্বাহী কমিটির গৃহীত সকল প্রশাসনিক, আর্থিক ও সাংগঠনিক সিদ্ধান্ত বৈধ বলে গণ্য হবে, যদি তা এই গঠনতন্ত্র, নির্বাহী কমিটির রেজুলেশন এবং সাধারণ সভার সিদ্ধান্তের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হয়।

ধারা-৭ : স্থায়িত্ব

সংগঠনটি একটি স্থায়ী (Perpetual) প্রতিষ্ঠান হিসেবে পরিচালিত হবে। এটি কোনো নির্দিষ্ট পুনর্মিলনী বা মেয়াদকালভিত্তিক সংগঠন নয়।

ধারা- ৮ : অন্তর্বর্তীকালীন আহ্বায়ক কমিটি (Transitional Convener Committee)

৮.১ প্রথম পুনর্মিলনী আয়োজন, সংগঠনের প্রাথমিক কাঠামো প্রণয়ন, সদস্য নিবন্ধন কার্যক্রম পরিচালনা এবং স্থায়ী নির্বাহী কমিটি গঠনের পূর্ব পর্যন্ত সংগঠনের কার্যক্রম পরিচালনার জন্য একটি আহ্বায়ক কমিটি গঠিত হবে।

৮.২ আহ্বায়ক কমিটির প্রধান দায়িত্ব হবে:

- ❖ প্রথম পুনর্মিলনী সফলভাবে আয়োজন করা।
- ❖ সদস্য নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করা।
- ❖ সংগঠনের গঠনতন্ত্রের খসড়া প্রণয়ন ও অনুমোদনের ব্যবস্থা করা।
- ❖ সংগঠনের প্রাথমিক আর্থিক ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনা করা।
- ❖ স্থায়ী নির্বাহী কমিটি গঠনের জন্য প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা।

৮.৩ আহ্বায়ক কমিটির কার্যকাল প্রথম পুনর্মিলনী অনুষ্ঠান সম্পন্ন হওয়া এবং নবগঠিত স্থায়ী নির্বাহী কমিটির নিকট দায়িত্ব হস্তান্তরের মধ্য দিয়ে সমাপ্ত হবে।

৮.৪ আহ্বায়ক কমিটি স্থায়ী নির্বাহী কমিটির নিকট সকল নথি, হিসাব, সম্পদ ও প্রশাসনিক দায়িত্ব লিখিতভাবে হস্তান্তর করবে।

ধারা-৯ : স্থায়ী নির্বাহী কমিটি (Executive Committee)

৯.১ প্রথম পুনর্মিলনী অনুষ্ঠান সম্পন্ন হওয়ার পর সাধারণ সদস্যদের অংশগ্রহণে এই গঠনতন্ত্র অনুযায়ী একটি স্থায়ী নির্বাহী কমিটি গঠিত হবে।

৯.২ স্থায়ী নির্বাহী কমিটির মেয়াদ হবে দুই (০২) বছর।

৯.৩ মেয়াদ শেষে গঠনতন্ত্রে বর্ণিত বিধান অনুযায়ী নির্বাচন (Election), নির্বাচন-পরবর্তী সমঝোতা (Selection) অথবা উভয় পদ্ধতির সমন্বয়ে নতুন নির্বাহী কমিটি গঠন করা যাবে।

৯.৪ নবগঠিত নির্বাহী কমিটি পূর্ববর্তী কমিটির নিকট থেকে দায়িত্ব, নথিপত্র, আর্থিক হিসাব এবং সংগঠনের সম্পদ গ্রহণ করবে।

৯.৫ কোনো নির্বাহী কমিটি গঠনতন্ত্রের পরিপন্থী কোনো সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে না।

৯.৬ সংগঠনের সকল কার্যক্রম এই গঠনতন্ত্র, সাধারণ সভার সিদ্ধান্ত এবং প্রযোজ্য আইন অনুসারে পরিচালিত হবে।

তথ্যসূত্র (সংগঠনের ঐতিহাসিক প্রেক্ষাপট):

বেগম ইকবাল জাকির হোসেন বালিকা উচ্চ বিদ্যালয় চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া উপজেলার সৈয়দবাড়ি গ্রামের প্রাণকেন্দ্রে অবস্থিত। একই শিক্ষা কমপ্লেক্সে প্রতিষ্ঠিত বেগম ইকবাল জাকির হোসেন প্রাথমিক বিদ্যালয়, বেগম ইকবাল জাকির হোসেন বালিকা উচ্চ বিদ্যালয় এবং রাঙ্গুনিয়া মহিলা কলেজ—এই তিনটি প্রতিষ্ঠান দীর্ঘদিন ধরে এ অঞ্চলে শিক্ষা বিস্তারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। এই গৌরবোজ্জ্বল শিক্ষা-ঐতিহ্যই BIZHGAA-এর আদর্শ ও কার্যক্রমের অন্যতম অনুপ্রেরণা।

অধ্যায় ২

লোগোর প্রতিটি অংশের ব্যাখ্যা (BAIZHGAA Logo Analysis)

১. বৃত্তাকার আকৃতি (Circular Shape)

প্রতীকী অর্থ:

- ❖ ঐক্য
- ❖ ধারাবাহিকতা
- ❖ আজীবন সম্পর্ক
- ❖ অন্তর্ভুক্তি (Inclusiveness)
- ❖ চিরস্থায়ী বন্ধন

বৃত্তের কোনো শুরু বা শেষ নেই। এটি বিদ্যালয় এবং প্রাক্তন শিক্ষার্থীদের আজীবন সম্পর্কের প্রতীক।

২ বাহিরের নেভি ব্লু বর্ডার অর্থ:

- ❖ বিশ্বাস (Trust)
- ❖ মর্যাদা (Dignity)
- ❖ স্থিতিশীলতা (Stability)
- ❖ শৃঙ্খলা (Discipline)
- ❖ নেতৃত্ব (Leadership)

এটি সংগঠনের দৃঢ়তা প্রকাশ করে।

৩. গোল্ডেন ডাবল বর্ডার অর্থ:

- ❖ উৎকর্ষ
- ❖ সাফল্য
- ❖ সম্মান
- ❖ মূল্যবোধ
- ❖ গৌরবময় ঐতিহ্য

এটি প্রতিষ্ঠানের মর্যাদা ও অর্জনের প্রতীক।

৪. পূর্ণ নাম: Begum Iqbal Zakir Hossain Girls' Alumni Association

এটি সংগঠনের আনুষ্ঠানিক পরিচয় বহন করে। এখানে বিদ্যালয়ের পূর্ণ নাম সংযুক্ত রাখার মাধ্যমে Alumni Association-এর পরিচয়কে মূল প্রতিষ্ঠানের সঙ্গে স্থায়ীভাবে যুক্ত করা হয়েছে।

৫. BIZHGAA

সংগঠনের সংক্ষিপ্ত নাম। এটি ভবিষ্যৎ Branding-এর জন্য অত্যন্ত শক্তিশালী একটি পরিচয়।

৬. "২০২৬"

এটি শুধু প্রতিষ্ঠাবর্ষ নয়। এটি নির্দেশ করে–

- ❖ First Reunion
- ❖ Association Formation Year
- ❖ Founding Generation
- ❖ ভবিষ্যতে এটি প্রতিষ্ঠার স্মারক হিসেবে ইতিহাস বহন করবে।

৭. খোলা বই (Open Book)

লোগোর ভিত্তি।

- ❖ অর্থ
- ❖ জ্ঞান
- ❖ শিক্ষা
- ❖ মুক্তচিন্তা
- ❖ আজীবন শিক্ষা
- ❖ আলোকিত সমাজ

এটি পুরো লোগোর Foundation। অর্থাৎ সবকিছুর ভিত্তি শিক্ষা।

৮. তিনটি মানব অবয়ব

- ❖ বাম দিকের অবয়ব: ঐতিহ্য ও অভিজ্ঞতা (প্রবীণ অ্যালামনাই)
- ❖ মধ্যের অবয়ব: নেতৃত্ব ও ঐক্য (বর্তমান নেতৃত্ব)
- ❖ ডান দিকের অবয়ব: ভবিষ্যৎ ও সম্ভাবনা (নবীন অ্যালামনাই)

বিদ্যালয় কেবল একজন মানুষ তৈরি করে না। বরং "একটি প্রজন্ম তৈরি করে।"

৯. মধ্যের বৃহৎ অবয়ব

এটি নেতৃত্বের প্রতীক।

অর্থ:

- ❖ নেতৃত্ব
- ❖ আত্মবিশ্বাস
- ❖ দায়িত্ব
- ❖ ভবিষ্যৎ নির্মাণ

১০. আলোকশিখা (Torch)

এটি শিক্ষা প্রতিষ্ঠানের অন্যতম বিশ্বজনীন প্রতীক।

অর্থ:

- ❖ জ্ঞানের আলো
- ❖ প্রেরণা
- ❖ আলোকিত সমাজ
- ❖ নৈতিকতা
- ❖ মানবিক মূল্যবোধ

১১. তোরণ (Arch)

এটি অত্যন্ত সুন্দর একটি সংযোজন।

আমার পর্যবেক্ষণ অনুযায়ী এটি বোঝায়:

- ❖ শিক্ষা প্রতিষ্ঠানের প্রবেশদ্বার
- ❖ নিরাপত্তা
- ❖ আশ্রয়
- ❖ ঐতিহ্য
- ❖ প্রতিষ্ঠানকে কেন্দ্র করে বেড়ে ওঠা

১২. লরেল পাতা (Laurel)

বিশ্বব্যাপী এটি সম্মানের প্রতীক।

অর্থ:

- ❖ সাফল্য
- ❖ সম্মান
- ❖ অর্জন
- ❖ নেতৃত্ব
- ❖ বিজয়

১৩. সবুজ রঙ

সবুজ নির্দেশ করে:

- ❖ জীবন
- ❖ বিকাশ
- ❖ আশা
- ❖ নবজাগরণ

১৪. নেভি ব্লু

নেভি ব্লু নির্দেশ করে–

- ❖ বিশ্বাসযোগ্যতা
- ❖ পেশাদারিত্ব
- ❖ দায়িত্ববোধ
- ❖ স্থায়িত্ব

১৫. সোনালি রঙ

সোনালি নির্দেশ করে:

- ❖ গৌরব
- ❖ সম্মান
- ❖ আলোকিত ভবিষ্যৎ
- ❖ উৎকর্ষ

Begum Iqbal Zakir Hossain Girls' BIZHGAA 2026 Alumni Association CONNECT • EMPOWER • INSPIRE

১৬. সাদা রঙ

সাদা নির্দেশ করে:

- ❖ সততা
- ❖ স্বচ্ছতা
- ❖ পবিত্রতা
- ❖ নিরপেক্ষতা

১৭. CONNECT, EMPOWER, INSPIRE

এটি শুধু একটি Motto নয়। এটি সংগঠনের Mission Statement।

CONNECT: প্রাক্তন শিক্ষার্থীদের একত্রিত করা।

EMPOWER: একে অপরকে শক্তিশালী করা।

INSPIRE: পরবর্তী প্রজন্মকে অনুপ্রাণিত করা।

১৮. রিবন (Ribbon Banner)

লোগোর নিচের Ribbon নির্দেশ করে

- ❖ অঙ্গীকার
- ❖ পরিচয়
- ❖ ঐক্যবদ্ধ লক্ষ্য

১৯. সমগ্র লোগোর দর্শন:-

"শিক্ষার আলোকে ঐক্যবদ্ধ প্রাক্তন শিক্ষার্থীদের একটি মর্যাদাপূর্ণ,
মূল্যবোধনির্ভর ও ভবিষ্যতমুখী পরিবার।"

২০.লোগোটির কেন্দ্রীয় বিন্যাসঃ-

খোলা বই, তার উপর সম্মিলিত মানব অবয়ব এবং সর্বোচ্চ স্থানে আলোকশিখা–BIZHGAA-এর মূল দর্শনের প্রতীক।

এই বিন্যাসের মাধ্যমে প্রকাশ করা হয়েছে যে, জ্ঞান (Book) মানুষকে (People) গড়ে তোলে, আর সেই মানুষই জ্ঞানের আলো (Torch) সমাজে ছড়িয়ে দেয়।

অর্থাৎ, শিক্ষা কেবল ব্যক্তিগত অর্জনের বিষয় নয়; বরং শিক্ষিত মানুষের মাধ্যমে সমাজকে আলোকিত করা এবং মানবকল্যাণে অবদান রাখাই এই সংগঠনের মৌলিক আদর্শ।

এই কারণেই BIZHGAA কেবল একটি প্রাক্তন শিক্ষার্থীদের সংগঠন নয়; এটি শিক্ষা, মানবিকতা, নেতৃত্ব এবং সামাজিক দায়বদ্ধতার ধারক ও বাহক।

২১.খোলা বই (Open Book)

খোলা বই জ্ঞান, শিক্ষা, মুক্তচিন্তা এবং আজীবন শিক্ষার প্রতীক।

এটি বিদ্যালয়ের মূল চেতনাকে ধারণ করে এবং প্রতিটি প্রাক্তন শিক্ষার্থীর জ্ঞানচর্চার ধারাবাহিকতাকে নির্দেশ করে।

২২.আলোকশিখা (Torch)

আলোকশিখা জ্ঞানের আলো, নেতৃত্ব, প্রেরণা এবং ভবিষ্যৎ প্রজন্মকে আলোকিত করার অঙ্গীকারের প্রতীক।

২৩.তিনজন শিক্ষার্থীর অবয়ব

তিনটি অবয়ব প্রতীকীভাবে নির্দেশ করে:

- ❖ ঐক্য
- ❖ বন্ধন
- ❖ পারস্পরিক সহযোগিতা
- ❖ প্রজন্মের সংযোগ
- ❖ নারী শিক্ষার শক্তি

২৪. লরেল পাতা (Laurel Wreath)

লরেল পাতা সম্মান, গৌরব, সাফল্য এবং অর্জনের প্রতীক। এটি বিদ্যালয়ের ঐতিহ্য ও প্রাক্তন শিক্ষার্থীদের সম্মিলিত মর্যাদাকে প্রতিনিধিত্ব করে।

২৫. নীল বৃত্ত

নীল বর্ণ নির্দেশ করে:

- ❖ বিশ্বাস
- ❖ স্থিতিশীলতা
- ❖ সততা
- ❖ দায়িত্বশীলতা
- ❖ পেশাদারিত্ব

২৬. সোনালি বর্ণ

সোনালি বর্ণ নির্দেশ করে:

- ❖ উৎকর্ষ
- ❖ সাফল্য
- ❖ মর্যাদা
- ❖ আলোকিত ভবিষ্যৎ

২৭. বৃত্তাকার আকৃতি (Circular Shape)

প্রতীকী অর্থঃ

- ❖ ঐক্য
- ❖ ধারাবাহিকতা
- ❖ আজীবন সম্পর্কৎ
- ❖ অন্তর্ভুক্তি
- ❖ চিরস্থায়ী বন্ধন

বৃত্তের কোনো শুরু বা শেষ নেই। এটি বিদ্যালয় এবং প্রাক্তন শিক্ষার্থীদের আজীবন সম্পর্কের প্রতীক।

অধ্যায় ৩

মূলমন্ত্র (MOTTO)

ধারা-৩.১: মূলমন্ত্র

Begum Iqbal Zakir Hossain Girls Alumni Association (BIZHGAA)-এর মূলমন্ত্র (Motto) হবে।

CONNECT• EMPOWER • INSPIRE

এই মূলমন্ত্র সংগঠনের আদর্শ, উদ্দেশ্য ও কার্যক্রমের মৌলিক দিকনির্দেশনা হিসেবে বিবেচিত হবে।

ধারা-৩.২: CONNECT (সংযুক্তি)

CONNECT দ্বারা প্রাক্তন শিক্ষার্থীদের মধ্যে আজীবন যোগাযোগ, পারস্পরিক সৌহার্দ্য, সহযোগিতা এবং বিদ্যালয়ের সঙ্গে আত্মিক সম্পর্ক সুদৃঢ় করার অঙ্গীকারকে বোঝাবে।

ধারা-৩.৩: EMPOWER (ক্ষমতায়ন)

EMPOWER দ্বারা সদস্যদের জ্ঞান, অভিজ্ঞতা, দক্ষতা ও সম্পদের পারস্পরিক বিনিময়ের মাধ্যমে ব্যক্তি, সংগঠন এবং সমাজের কল্যাণে একে অপরকে সক্ষম করে তোলার অঙ্গীকারকে বোঝাবে।

ধারা-৩.৪: INSPIRE (অনুপ্রেরণা)

INSPIRE দ্বারা শিক্ষা, নৈতিকতা, নেতৃত্ব, মানবিক মূল্যবোধ এবং সমাজসেবার মাধ্যমে বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মকে অনুপ্রাণিত করার অঙ্গীকারকে বোঝাবে।

ধারা-৩.৫: মূলমন্ত্রের প্রয়োগ

সংগঠনের সকল নীতি, কর্মসূচি ও কার্যক্রম এই মূলমন্ত্রের আলোকে পরিকল্পিত ও পরিচালিত হবে।

অধ্যায় ৪

সদস্যপদ (Membership)

"একটি সংগঠনের প্রকৃত শক্তি তার সদস্যদের সংখ্যায় নয়, তাদের আন্তরিকতা, অংশগ্রহণ ও পারস্পরিক আস্থায় নিহিত।"

ধারা-১: সদস্যপদের উদ্দেশ্য

BIZHGAA-এর সদস্যপদ হলো প্রতিষ্ঠানের প্রাক্তন শিক্ষার্থীদের মধ্যে আজীবন সৌহার্দ্য, সহযোগিতা, পেশাগত নেটওয়ার্ক, সামাজিক দায়বদ্ধতা এবং প্রিয় শিক্ষাপ্রতিষ্ঠানের প্রতি দায়িত্ববোধ সুদৃঢ় করার একটি আনুষ্ঠানিক স্বীকৃতি।

ধারা-২: সদস্যের শ্রেণিবিন্যাস

সংগঠনের সদস্য নিম্নোক্ত শ্রেণিতে বিভক্ত হবেন:

ক) Life Member (আজীবন সদস্য)

নির্ধারিত এককালীন সদস্য ফি প্রদান করে সংগঠনের স্থায়ী সদস্যপদ গ্রহণকারী প্রাক্তন শিক্ষার্থী।

খ) Honorary Member (সম্মানসূচক সদস্য)

সংগঠনের বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ কার্যনির্বাহী কমিটির সিদ্ধান্তে মনোনীত ব্যক্তি। সম্মানসূচক সদস্য ভোটাধিকার বা নির্বাচনে অংশগ্রহণের অধিকারী হবেন না, যদি না কার্যনির্বাহী কমিটি বিশেষ সিদ্ধান্ত গ্রহণ করে।

ধারা-৩: সদস্যপদের যোগ্যতা

সদস্যপদ গ্রহণের জন্য আবেদনকারীকে:

১. বেগম ইকবাল জাকির হোসেন বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থী হতে হবে।
২. সংগঠনের নির্ধারিত Online Registration System-এর মাধ্যমে নিবন্ধন সম্পন্ন করতে হবে।
৩. নির্ধারিত তথ্য, ছবি এবং প্রয়োজনীয় ডকুমেন্ট (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদান/আপলোড করতে হবে।
৪. নির্ধারিত সদস্য ফি বা নিবন্ধন ফি পরিশোধ করতে হবে।
৫. নিবন্ধন ফরমে সংযুক্ত ঘোষণা ও সম্মতি (Declaration & Consent)-এ সম্মতি প্রদান করতে হবে।

ধারা-৪: সদস্যপদ অনুমোদন

অনলাইন নিবন্ধনের মাধ্যমে প্রাপ্ত তথ্য যাচাই-বাছাই শেষে কার্যনির্বাহী কমিটি অথবা কমিটির ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ সদস্যপদ অনুমোদন করবেন। অনুমোদনের পর সদস্যকে একটি Unique Membership ID প্রদান করা হবে এবং তাঁর তথ্য সংগঠনের Digital Membership Database-এ সংরক্ষণ করা হবে।

ধারা-৫: সদস্যের অধিকার

প্রত্যেক Life Member:

- ❖ সাধারণ সভায় অংশগ্রহণ করতে পারবেন।
- ❖ গঠনতন্ত্র অনুযায়ী ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন।
- ❖ নির্বাচন বা মনোনয়নের মাধ্যমে কমিটির সদস্য হতে পারবেন।
- ❖ সংগঠনের সকল বৈধ কার্যক্রমে অংশগ্রহণের সুযোগ পাবেন।
- ❖ ডিজিটাল Membership Card ব্যবহারের অধিকারী হবেন।

ধারা-৬: সদস্যপদ স্থগিত বা বাতিল

গঠনতন্ত্র, আচরণবিধি বা সংগঠনের স্বার্থের গুরুতর পরিপন্থী কোনো কার্যকলাপের ক্ষেত্রে সংশ্লিষ্ট সদস্যকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ প্রদানপূর্বক কার্যনির্বাহী কমিটি সদস্যপদ স্থগিত বা বাতিল করার সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে।

ধারা-৭: সদস্যপদের পুনর্বহাল

যথাযথ কারণ দর্শিয়ে লিখিত আবেদন অথবা অনলাইন আবেদনের ভিত্তিতে কার্যনির্বাহী কমিটি সদস্যপদ পুনর্বহালের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে।

ঘোষণা ও সম্মতি (Declaration & Consent)

নিবন্ধন ফরমে নিম্নোক্ত ঘোষণা সংযুক্ত থাকবে:
"আমি ঘোষণা করছি যে, আমার প্রদত্ত সকল তথ্য আমার জানা মতে সত্য, সঠিক ও সম্পূর্ণ। আমি Begum Iqbal Zakir Hossain Girls' Alumni Association (BIZHGAA)-এর গঠনতন্ত্র (Constitution & Bylaws), নীতিমালা, আচরণবিধি এবং সংগঠনের বৈধ সিদ্ধান্তসমূহ মেনে চলতে সম্মত। প্রয়োজনে আমার প্রদত্ত তথ্য যাচাই করার জন্য সংগঠনকে অনুমতি প্রদান করছি।"
আমি উপরোক্ত ঘোষণা ও সম্মতিপত্র পড়েছি এবং এতে সম্মত আছি।

অধ্যায় ৫

সদস্যদের অধিকার ও দায়িত্ব (Rights & Responsibilities of Members)

"অধিকার একটি সম্মান; আর দায়িত্ব সেই সম্মানের যথার্থ প্রতিফলন।"

ধারা-১: সদস্যদের মৌলিক অধিকার

প্রত্যেক Life Member নিম্নলিখিত অধিকার ভোগ করবেন:

১. সংগঠনের সাধারণ সভা, পুনর্মিলনী, সামাজিক, সাংস্কৃতিক, শিক্ষা ও কল্যাণমূলক কার্যক্রমে অংশগ্রহণের অধিকার।
২. গঠনতন্ত্র অনুযায়ী ভোটাধিকার প্রয়োগের অধিকার।
৩. নির্বাচন, মনোনয়ন বা সিলেকশনের মাধ্যমে সংগঠনের বিভিন্ন পদে দায়িত্ব গ্রহণের অধিকার।
৪. সংগঠনের প্রকাশনা, ডিজিটাল প্ল্যাটফর্ম, তথ্যসেবা ও সদস্য-সুবিধা ব্যবহারের অধিকার।
৫. সংগঠনের উন্নয়ন, নীতিমালা ও কার্যক্রম সম্পর্কে লিখিত বা অনলাইন মাধ্যমে গঠনমূলক মতামত, পরামর্শ বা প্রস্তাব প্রদানের অধিকার।

ধারা-২: সদস্যদের দায়িত্ব

প্রত্যেক সদস্যের দায়িত্ব হবে:

১. সংগঠনের গঠনতন্ত্র (Constitution & Bylaws), নীতিমালা ও বৈধ সিদ্ধান্তসমূহ যথাযথভাবে অনুসরণ করা।
২. সংগঠনের মর্যাদা, ঐতিহ্য ও সুনাম অক্ষুণ্ণ রাখা।
৩. পারস্পরিক সৌহার্দ্য, শিষ্টাচার ও সম্মানজনক আচরণ বজায় রাখা।
৪. প্রয়োজনে সংগঠনের কার্যক্রমে স্বেচ্ছাসেবী হিসেবে অংশগ্রহণ করা।
৫. ব্যক্তিগত তথ্যের পরিবর্তন হলে যথাসময়ে সংগঠনকে অবহিত করা।
৬. সদস্য ফি, অনুদান বা অনুমোদিত আর্থিক দায়িত্ব (যদি থাকে) যথাসময়ে পরিশোধ করা।

ধারা-৩ : আচরণবিধি

কোনো সদস্য:

- ❖ সংগঠনের নাম বা পরিচয় ব্যক্তিগত, রাজনৈতিক, ধর্মীয় বা বাণিজ্যিক স্বার্থে ব্যবহার করতে পারবেন না।
- ❖ সংগঠনের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয় এমন কোনো বক্তব্য, প্রচারণা বা কর্মকাণ্ডে জড়িত হতে পারবেন না।
- ❖ অন্য সদস্যের প্রতি বৈষম্যমূলক, অপমানজনক বা হয়রানিমূলক আচরণ করতে পারবেন না।

ধারা-৪: তথ্যের গোপনীয়তা

সংগঠনের সদস্য-তথ্য, ডাটাবেজ ও অভ্যন্তরীণ নথি কার্যনির্বাহী কমিটির অনুমতি ব্যতীত তৃতীয় পক্ষের নিকট প্রকাশ, হস্তান্তর বা বাণিজ্যিকভাবে ব্যবহার করা যাবে না।

ধারা-৫: স্বেচ্ছাসেবী অংশগ্রহণ

BIZHGAA একটি অলাভজনক ও স্বেচ্ছাসেবী সংগঠন। তাই সদস্যগণ তাঁদের সামর্থ্য, সময় ও দক্ষতা অনুযায়ী সংগঠনের বিভিন্ন কার্যক্রমে স্বেচ্ছাসেবী হিসেবে অংশগ্রহণ করতে উৎসাহিত হবেন।

ধারা-৬: অভিযোগ ও প্রতিকার

কোনো সদস্য সংগঠনের কার্যক্রম, সিদ্ধান্ত বা অন্য কোনো সদস্যের আচরণ সম্পর্কে অভিযোগ থাকলে লিখিত বা নির্ধারিত অনলাইন পদ্ধতিতে কার্যনির্বাহী কমিটির নিকট অভিযোগ দাখিল করতে পারবেন। কার্যনির্বাহী কমিটি নিরপেক্ষভাবে বিষয়টি পর্যালোচনা করে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করবে।

ধারা-৭: সমতা ও অন্তর্ভুক্তি

BIZHGAA সকল সদস্যের প্রতি সমান মর্যাদা, পারস্পরিক শ্রদ্ধা ও অন্তর্ভুক্তির নীতি অনুসরণ করবে। ব্যাচ, পেশা, সামাজিক অবস্থান, ধর্ম, ভাষা বা ব্যক্তিগত মতপার্থক্যের ভিত্তিতে কোনো বৈষম্য গ্রহণযোগ্য হবে না।

অধ্যায়-৫-এ সংযোজিত মূল নীতিসমূহ

এই অধ্যায়ের মাধ্যমে BIZHGAA নিম্নোক্ত প্রাতিষ্ঠানিক মূল্যবোধকে আনুষ্ঠানিকভাবে ধারণ করবে:

- ❖ **গণতান্ত্রিক অংশগ্রহণ (Participatory Governance):** প্রত্যেক সদস্য মতামত দেওয়ার সুযোগ পাবেন।
- ❖ **জবাবদিহিতা (Accountability):** সদস্য ও নেতৃত্ব উভয়েই গঠনতন্ত্রের প্রতি দায়বদ্ধ থাকবেন।
- ❖ **নৈতিক আচরণ (Ethical Conduct):** শালীনতা, পারস্পরিক সম্মান ও পেশাগত সৌজন্য বজায় থাকবে।
- ❖ **তথ্য সুরক্ষা (Data Privacy):** সদস্যদের ব্যক্তিগত তথ্য সংগঠনের সম্পদ হিসেবে সুরক্ষিত থাকবে।
- ❖ **স্বেচ্ছাসেবার চেতনা (Volunteerism):** সংগঠনের শক্তি হবে সদস্যদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ।
- ❖ **সমতা ও অন্তর্ভুক্তি (Equality & Inclusion):** সকল সদস্য সমান মর্যাদা ও সুযোগ লাভ করবেন।

এই নীতিগুলো BIZHGAA-এর সাংগঠনিক সংস্কৃতির ভিত্তি হিসেবে বিবেচিত হবে এবং ভবিষ্যতের সকল কার্যক্রমে অনুসরণীয় হবে।

অধ্যায় ৬

সাংগঠনিক কাঠামো (Organizational Structure)

”সুশৃঙ্খল নেতৃত্বই একটি সংগঠনের ধারাবাহিকতা ও সাফল্যের ভিত্তি।”

ধারা-১: সাংগঠনিক কাঠামো

BIZHGAA একটি গণতান্ত্রিক, অলাভজনক ও সদস্যভিত্তিক Alumni Association। সংগঠনের কার্যক্রম নিম্নোক্ত সাংগঠনিক কাঠামোর মাধ্যমে পরিচালিত হবে:

১. আহ্বায়ক কমিটি (Convener Committee) (প্রতিষ্ঠাকালীন পর্যায়ে)
২. কার্যনির্বাহী কমিটি (Executive Committee)
৩. উপদেষ্টা পরিষদ (Advisory Council)
৪. প্রয়োজনে বিভিন্ন স্থায়ী ও অস্থায়ী উপ-কমিটি (Standing & Ad-hoc Committees)

ধারা-২: আহ্বায়ক কমিটি

প্রথম পুনর্মিলনী-২০২৬ উপলক্ষে গঠিত আহ্বায়ক কমিটি পুনর্মিলনী আয়োজন, সদস্য নিবন্ধন, আর্থিক ব্যবস্থাপনা এবং সংগঠনের প্রাথমিক সাংগঠনিক কার্যক্রম সম্পন্ন করবে। প্রথম পুনর্মিলনী সফলভাবে সম্পন্ন হওয়ার পর আহ্বায়ক কমিটির দায়িত্ব সমাপ্ত হবে এবং গঠনতন্ত্র অনুযায়ী কার্যনির্বাহী কমিটি গঠন করা হবে।

ধারা-৩: কার্যনির্বাহী কমিটি

কার্যনির্বাহী কমিটিই হবে সংগঠনের সর্বোচ্চ নির্বাহী ও প্রশাসনিক কর্তৃপক্ষ। এই কমিটি গঠনতন্ত্র অনুযায়ী সংগঠনের সকল প্রশাসনিক, আর্থিক ও সাংগঠনিক কার্যক্রম পরিচালনা করবে।

ধারা-৪: কার্যনির্বাহী কমিটির গঠন

কার্যনির্বাহী কমিটিতে নিম্নোক্ত পদসমূহ থাকবে:

- ❖ সভাপতি (President)
- ❖ সিনিয়র সহ-সভাপতি
- ❖ সহ-সভাপতি
- ❖ সাধারণ সম্পাদক (General Secretary)
- ❖ যুগ্ম সাধারণ সম্পাদক ২ জন

- ❖ সহ সাধারণ সম্পাদক
- ❖ সাংগঠনিক সম্পাদক
- ❖ কোষাধ্যক্ষ
- ❖ দপ্তর সম্পাদক
- ❖ প্রচার ও প্রকাশনা সম্পাদক
- ❖ তথ্য ও প্রযুক্তি সম্পাদক
- ❖ সাংস্কৃতিক সম্পাদক
- ❖ সহ সাংস্কৃতিক সম্পাদক
- ❖ সমাজকল্যাণ সম্পাদক
- ❖ নারী ও সদস্য উন্নয়ন সম্পাদক
- ❖ ক্রীড়া সম্পাদক
- ❖ নির্বাহী সদস্যবৃন্দ

মোট সদস্য সংখ্যা: ৫১ সদস্যের কমিটি।

ধারা-৫: উপদেষ্টা পরিষদ

সংগঠনের প্রয়োজনে অভিজ্ঞ প্রাক্তন শিক্ষার্থী, শিক্ষাবিদ, সমাজসেবী বা বিশিষ্ট ব্যক্তিদের নিয়ে একটি উপদেষ্টা পরিষদ গঠন করা যেতে পারে। উপদেষ্টা পরিষদ নীতিগত পরামর্শ প্রদান করবে, তবে নির্বাহী সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা কার্যনির্বাহী কমিটির ওপর ন্যস্ত থাকবে।

ধারা-৬: উপ-কমিটি

বিশেষ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে কার্যনির্বাহী কমিটি প্রয়োজনে নিম্নরূপ উপ-কমিটি গঠন করতে পারবে।

- ❖ পুনর্মিলনী উপ-কমিটি
- ❖ শিক্ষা ও বৃত্তি উপ-কমিটি
- ❖ আইটি ও ওয়েব পোর্টাল উপ-কমিটি
- ❖ প্রকাশনা ও ম্যাগাজিন উপ-কমিটি
- ❖ সাংস্কৃতিক উপ-কমিটি
- ❖ অর্থ ও তহবিল সংগ্রহ উপ-কমিটি
- ❖ নারী উন্নয়ন ও কল্যাণ উপ-কমিটি
- ❖ অন্যান্য প্রয়োজনীয় উপ-কমিটি

ধারা-৭: জবাবদিহিতা

কার্যনির্বাহী কমিটি সাধারণ সদস্যদের নিকট জবাবদিহি থাকবে এবং গঠনতন্ত্র, সাধারণ সভার সিদ্ধান্ত ও আর্থিক স্বচ্ছতার নীতি অনুসরণ করে দায়িত্ব পালন করবে।

ধারা-৮: কোরাম

কার্যনির্বাহী কমিটির যে কোনো বৈধ সভা অনুষ্ঠিত হওয়ার জন্য মোট কার্যনির্বাহী সদস্যের ন্যূনতম এক-তৃতীয়াংশ (১/৩) সদস্যের উপস্থিতি কোরাম হিসেবে গণ্য হবে। কোরাম পূরণ না হলে সভা স্থগিত থাকবে এবং পুনর্নির্ধারিত তারিখে গঠনতন্ত্র অনুযায়ী সভা আহ্বান করা হবে।

ধারা-৯: ব্যাচ প্রতিনিধিত্ব

কার্যনির্বাহী কমিটি গঠনের ক্ষেত্রে বিভিন্ন SSC ব্যাচের প্রতিনিধিত্ব নিশ্চিত করার জন্য সর্বোচ্চ গুরুত্ব প্রদান করা হবে, যাতে সংগঠনটি সকল প্রজন্মের প্রাক্তন শিক্ষার্থীদের অংশগ্রহণমূলক ও ভারসাম্যপূর্ণ প্রতিনিধিত্ব লাভ করে। এটি বাধ্যতামূলক কোটা নয়, তবে একটি নীতিগত অঙ্গীকার (Guiding Principle) ভবিষ্যতের কমিটিগুলোও এতে উৎসাহিত হবে।

অধ্যায় ৭

নির্বাচন, মেয়াদকাল ও দায়িত্ব হস্তান্তর (Election, Tenure & Transition)

"নেতৃত্ব কোনো পদ নয়; এটি একটি দায়িত্ব, যা প্রজন্ম থেকে প্রজন্মে সুশৃঙ্খলভাবে অর্পিত হয়।"

ধারা-১: কার্যনির্বাহী কমিটির মেয়াদকাল

কার্যনির্বাহী কমিটির মেয়াদ দুই (২) বছর হবে, যা দায়িত্ব গ্রহণের তারিখ থেকে কার্যকর হবে।

ধারা-২: কার্যনির্বাহী কমিটি গঠন

মেয়াদ পূর্তির পর কার্যনির্বাহী কমিটি:

- ❖ নির্বাচন (Election) অথবা
- ❖ সর্বসম্মতিক্রমে নির্বাচন/মনোনয়ন (Selection by Consensus) এর মাধ্যমে গঠিত হতে পারবে।

কোন পদ্ধতি অনুসরণ করা হবে, তা সাধারণ সভার সিদ্ধান্ত অনুযায়ী নির্ধারিত হবে।

ধারা-৩: নির্বাচন পরিচালনা

নির্বাচনের প্রয়োজন হলে কার্যনির্বাহী কমিটি একটি নির্বাচন পরিচালনা কমিটি গঠন করবে, যা নিরপেক্ষভাবে নির্বাচন পরিচালনা করবে।

ধারা-৪: দায়িত্ব হস্তান্তর

নবগঠিত কার্যনির্বাহী কমিটির নিকট পূর্ববর্তী কমিটি সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিনের মধ্যে:

- ❖ দাপ্তরিক নথিপত্র
- ❖ আর্থিক হিসাব ও ব্যাংক-সংক্রান্ত নথি
- ❖ ডিজিটাল তথ্যভাণ্ডার
- ❖ সংগঠনের স্থাবর ও অস্থাবর সম্পদ এবং
- ❖ অন্যান্য প্রয়োজনীয় দায়িত্ব যথাযথভাবে হস্তান্তর করবে।

ধারা-৫: শূন্য পদ পূরণ

মেয়াদকালে কোনো পদ শূন্য হলে কার্যনির্বাহী কমিটি অবশিষ্ট মেয়াদের জন্য যোগ্য কোনো সদস্যকে নির্বাচন বা মনোনয়নের মাধ্যমে পদটি পূরণ করতে পারবে।

ধারা-৬: পুন:নির্বাচন

গঠনতন্ত্র অনুযায়ী যোগ্য যে কোনো সদস্য পুনরায় একই পদে অথবা অন্য কোনো পদে নির্বাচন বা মনোনয়নের জন্য বিবেচিত হতে পারবেন।

অধ্যায় ৮

সভা (Meetings)

"নিয়মিত সভা একটি সংগঠনের প্রাণস্পন্দন; আর গঠনমূলক আলোচনা তার অগ্রযাত্রার শক্তি।"

ধারা-১: সভার ধরন

BIZHGAA-এর সভা নিম্নোক্ত শ্রেণিতে অনুষ্ঠিত হবে:

১. বার্ষিক সাধারণ সভা (Annual General Meeting AGM)
২. বিশেষ সাধারণ সভা (Special General Meeting SGM)

৩. কার্যনির্বাহী কমিটির সভা (Executive Committee Meeting)
৪. জরুরি সভা (Emergency Meeting)
৫. উপ-কমিটির সভা (Committee Meeting)

ধারা-২: বার্ষিক সাধারণ সভা (AGM)

১. প্রতি বছর কমপক্ষে একটি বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে।
২. বার্ষিক প্রতিবেদন, আর্থিক প্রতিবেদন, ভবিষ্যৎ কর্মপরিকল্পনা এবং প্রয়োজনীয় নীতিগত সিদ্ধান্তসমূহ এই সভায় উপস্থাপন ও অনুমোদিত হবে।

ধারা-৩: বিশেষ সাধারণ সভা

সংগঠনের জরুরি বা গুরুত্বপূর্ণ বিষয়ে সভাপতি, সাধারণ সম্পাদক অথবা কার্যনির্বাহী কমিটির সিদ্ধান্তক্রমে বিশেষ সাধারণ সভা আহ্বান করা যাবে।

ধারা-৪: কার্যনির্বাহী কমিটির সভা

১. কার্যনির্বাহী কমিটি প্রয়োজনে সভা আহ্বান করবে।
২. সংগঠনের প্রশাসনিক, আর্থিক ও নীতিগত বিষয়সমূহ এ সভায় আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হবে।

ধারা-৫: কোরাম

১. কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠানের জন্য মোট সদস্যের এক-তৃতীয়াংশ (১/৩) সদস্যের উপস্থিতি কোরাম হিসেবে গণ্য হবে।

২. সাধারণ সভার কোরাম হবে নিবন্ধিত Life Member-দের ন্যূনতম ৫% অথবা ৫০ জন সদস্য, যেটি কম হবে।

(এই ধারাটি ভবিষ্যতে সদস্যসংখ্যা বৃদ্ধি পেলেও সভা পরিচালনায় বাস্তবসম্মত থাকবে।)

ধারা-৬: সভার নোটিশ

সভার নোটিশ ই-মেইল, এসএমএস, অফিসিয়াল ওয়েবসাইট, মোবাইল অ্যাপ অথবা সংগঠনের অনুমোদিত সামাজিক যোগাযোগমাধ্যমের মাধ্যমে প্রদান করা যেতে পারে।

সাধারণত:

- ❖ AGM: কমপক্ষে ১৫ দিন পূর্বে
- ❖ SGM: কমপক্ষে ৭ দিন পূর্বে
- ❖ জরুরি সভা: প্রয়োজন অনুসারে যুক্তিসঙ্গত সময়ে

ধারা-৭: ভার্চুয়াল সভা

প্রয়োজনে ভিডিও কনফারেন্স, অনলাইন মিটিং প্ল্যাটফর্ম অথবা অন্যান্য ডিজিটাল মাধ্যমে অনুষ্ঠিত সভা সশরীরে অনুষ্ঠিত সভার সমমানের বৈধ বলে গণ্য হবে।

ধারা-৮: সিদ্ধান্ত গ্রহণ

সভায় উপস্থিত সদস্যদের সাধারণ সংখ্যাগরিষ্ঠ ভোটে সিদ্ধান্ত গৃহীত হবে। সমতা সৃষ্টি হলে সভাপতির Casting Vote প্রযোজ্য হবে।

ধারা-৯: অনলাইন ভোট ও লিখিত সিদ্ধান্ত

প্রয়োজনবোধে নিরাপদ ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে অনলাইন ভোট গ্রহণ করা যাবে। অতি জরুরি ক্ষেত্রে কার্যনির্বাহী কমিটি ই-মেইল বা অন্যান্য অনুমোদিত ডিজিটাল মাধ্যমে Resolution by Circulation গ্রহণ করে সিদ্ধান্ত নিতে পারবে।

ধারা-১০ : সভার কার্যবিবরণী

প্রত্যেক সভার কার্যবিবরণী (Minutes) লিখিত ও ডিজিটাল উভয় মাধ্যমে সংরক্ষণ করা হবে এবং সাধারণ সম্পাদক অথবা মনোনীত কর্মকর্তা তা সংরক্ষণের দায়িত্ব পালন করবেন।

অধ্যায় ৯

অর্থ ও সম্পদ ব্যবস্থাপনা (Finance & Asset Management)

"স্বচ্ছতা একটি প্রতিষ্ঠানের বিশ্বাসযোগ্যতার ভিত্তি; আর জবাবদিহিতা তার স্থায়িত্বের নিশ্চয়তা।"

ধারা-১: আয়ের উৎস

BIZHGAA-এর তহবিল নিম্নোক্ত উৎস থেকে গঠিত হতে পারবে:

- ❖ সদস্য নিবন্ধন ও সদস্যপদ ফি।
- ❖ পুনর্মিলনী ও অন্যান্য অনুষ্ঠানের নিবন্ধন ফি।
- ❖ সদস্যদের স্বেচ্ছা অনুদান।
- ❖ ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থার বৈধ অনুদান ও পৃষ্ঠপোষকতা (Sponsor/Donation)।
- ❖ কার্যনির্বাহী কমিটির অনুমোদিত অন্যান্য বৈধ আয়ের উৎস।

ধারা-২: ব্যাংক হিসাব

প্রথম পর্যায়ে BIZHGAA একটি নিবন্ধিত (Registered) সংগঠন হিসেবে পরিচালিত হবে না। তবে সংগঠনের আর্থিক কার্যক্রম পরিচালনার প্রয়োজনে কার্যনির্বাহী কমিটির গৃহীত লিখিত রেজুলেশনের ভিত্তিতে একটি বা একাধিক ব্যাংক হিসাব খোলা ও পরিচালনা করা যাবে।

ধারা-৩: ব্যাংক হিসাব পরিচালনা

ব্যাংক হিসাব কার্যনির্বাহী কমিটির আহ্বায়ক /সভাপতি, সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষ এই তিনজনের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে (Authorized Signatories)। কমিটির রেজুলেশনে নির্ধারিত পদ্ধতি অনুযায়ী যৌথ স্বাক্ষরে (Joint Signatory) হিসাব পরিচালিত হবে। বিশেষ প্রয়োজনে কার্যনির্বাহী কমিটির লিখিত রেজুলেশনের মাধ্যমে অনুমোদিত স্বাক্ষরকারীর পরিবর্তন বা সংযোজন করা যেতে পারে।

ধারা-৪: আর্থিক লেনদেন

১. সংগঠনের সকল অর্থ ব্যাংক হিসাবের মাধ্যমে গ্রহণ ও ব্যয় করার চেষ্টা করা হবে।
২. ডিজিটাল পেমেন্ট (যেমন: bKash, Nagad, ব্যাংক ট্রান্সফার বা ভবিষ্যতে অনুমোদিত অন্য কোনো মাধ্যম) গ্রহণযোগ্য হবে।
৩. প্রতিটি অর্থ গ্রহণ ও ব্যয়ের বিপরীতে যথাযথ রসিদ, ভাউচার বা ডিজিটাল রেকর্ড সংরক্ষণ করা হবে।

ধারা-৫: বাজেট

প্রতি অর্থবছরের জন্য সম্ভাব্য আয় ও ব্যয়ের একটি বাজেট কার্যনির্বাহী কমিটি প্রস্তুত ও অনুমোদন করবে।

ধারা-৬: হিসাব সংরক্ষণ ও নিরীক্ষা

১. সংগঠনের সকল আয়-ব্যয়ের হিসাব নিয়মিত সংরক্ষণ করা হবে।
২. প্রতি অর্থবছর শেষে কার্যনির্বাহী কমিটি হিসাব পর্যালোচনা করবে।
৩. প্রয়োজনে সাধারণ সভার সিদ্ধান্ত অনুযায়ী একজন স্বাধীন নিরীক্ষক (Auditor) দ্বারা হিসাব নিরীক্ষা করা যেতে পারে।

ধারা-৭: আর্থিক স্বচ্ছতা

সংগঠনের আর্থিক কার্যক্রম সর্বদা স্বচ্ছ, জবাবদিহিমূলক ও সদস্যবান্ধব হবে। প্রয়োজনে বার্ষিক আর্থিক প্রতিবেদন সাধারণ সভায় উপস্থাপন করা হবে এবং সদস্যদের অবগতির জন্য প্রকাশ করা যেতে পারে।

ধারা-৮: সংগঠনের সম্পদ

সংগঠনের নামে অর্জিত অর্থ, স্থাবর-অস্থাবর সম্পদ, নথিপত্র, ডিজিটাল তথ্যভাণ্ডার, ওয়েবসাইট, ডোমেইন, লোগো, পতাকা, প্রকাশনা এবং অন্যান্য মেধাস্বত্ব (Intellectual Property) BIZHGAA-এর সম্পদ হিসেবে গণ্য হবে এবং ব্যক্তিগত মালিকানার দাবি করা যাবে না।

ধারা-৯: সম্পদের ব্যবহার

সংগঠনের অর্থ ও সম্পদ শুধুমাত্র গঠনতন্ত্রে বর্ণিত উদ্দেশ্য বাস্তবায়নের জন্য ব্যবহার করা যাবে। কোনো সদস্য বা পদাধিকারী সংগঠনের অর্থ বা সম্পদ ব্যক্তিগত স্বার্থে ব্যবহার করতে পারবেন না।

ধারা-১০: আর্থিক নৈতিকতা

সংগঠনের অর্থ ব্যবস্থাপনায় সততা, স্বচ্ছতা, জবাবদিহিতা এবং সুশাসনের নীতি সর্বদা অনুসরণ করতে হবে। কোনো প্রকার আর্থিক অনিয়ম প্রমাণিত হলে কার্যনির্বাহী কমিটি গঠনতন্ত্র অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

ধারা-১১: ডিজিটাল আর্থিক রেকর্ড

পর্যায় ক্রমে সংগঠনের সকল আর্থিক লেনদেন, রসিদ, ভাউচার, ইনভয়েস এবং ব্যাংক-সংক্রান্ত নথির ডিজিটাল সংরক্ষণ নিশ্চিত করা হবে। প্রয়োজনে ক্লাউড-ভিত্তিক নিরাপদ সংরক্ষণ ব্যবস্থা ব্যবহার করা যেতে পারে, যাতে তথ্যের নিরাপত্তা, ধারাবাহিকতা এবং ভবিষ্যৎ কার্যনির্বাহী কমিটির নিকট সহজ হস্তান্তর নিশ্চিত হয়।

ধারা-১২: অর্থবছর

BIZHGAA-এর অর্থবছর বাংলাদেশ সরকারের প্রচলিত অর্থবছরের (১ জুলাই থেকে ৩০ জুন) সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হবে, যদি না কার্যনির্বাহী কমিটি বিশেষ সিদ্ধান্ত গ্রহণ করে।

অধ্যায় ১০

গঠনতন্ত্র সংশোধন (Amendment of the Constitution & Bylaws)

”নীতি স্থায়ী হতে পারে, কিন্তু সময়ের প্রয়োজনে তার প্রয়োগে পরিমার্জনই একটি প্রতিষ্ঠানের প্রজ্ঞার পরিচয়।”

ধারা-১: সংশোধনের অধিকার

BIZHGAA-এর এই গঠনতন্ত্র (Constitution & Bylaws) সময়ের প্রয়োজন, সাংগঠনিক উন্নয়ন অথবা আইনগত প্রয়োজনীয়তার আলোকে সংশোধন, সংযোজন বা বর্জন করা যেতে পারে।

ধারা-২: সংশোধনী প্রস্তাব

গঠনতন্ত্র সংশোধনের প্রস্তাব কার্যনির্বাহী কমিটি অথবা কমপক্ষে ১০ (দশ) জন Life Member যৌথভাবে লিখিত অথবা নির্ধারিত অনলাইন পদ্ধতিতে উপস্থাপন করতে পারবেন।

ধারা-৩: পর্যালোচনা

প্রাপ্ত সংশোধনী প্রস্তাব কার্যনির্বাহী কমিটি পর্যালোচনা করবে এবং প্রয়োজনবোধে একটি Constitution Review Committee গঠন করতে পারবে।

ধারা-৪: অনুমোদন

গঠনতন্ত্রের কোনো সংশোধনী কার্যকর হওয়ার জন্য সাধারণ সভায় উপস্থিত সদস্যদের দুই-তৃতীয়াংশ (২/৩) সংখ্যাগরিষ্ঠ সমর্থন প্রয়োজন হবে।

ধারা-৫: কার্যকারিতা

অনুমোদিত সংশোধনী সাধারণ সভায় গৃহীত হওয়ার তারিখ থেকে কার্যকর হবে, যদি সংশোধনীতে অন্য কোনো কার্যকারিতা-তারিখ উল্লেখ না থাকে।

ধারা-৬: রেকর্ড সংরক্ষণ

গঠনতন্ত্রের প্রতিটি সংশোধনী, তারিখ, প্রস্তাবকারী, অনুমোদনের বিবরণ এবং সংশোধিত সংস্করণের নম্বর (Version Number) সংগঠনের লিখিত ও ডিজিটাল রেকর্ডে সংরক্ষণ করা হবে।

ধারা-৭: প্রামাণ্য সংস্করণ

গঠনতন্ত্রের সর্বশেষ অনুমোদিত সংস্করণই BIZHGAA-এর একমাত্র প্রামাণ্য (Official) সংস্করণ হিসেবে গণ্য হবে। পূর্ববর্তী সংস্করণসমূহ সংরক্ষিত থাকবে, তবে সেগুলো কেবল রেফারেন্স হিসেবে বিবেচিত হবে।

ধারা-৮: ডিজিটাল প্রকাশ

গঠনতন্ত্রের সর্বশেষ অনুমোদিত সংস্করণ সংগঠনের অফিসিয়াল ওয়েবসাইট, সদস্য পোর্টাল, মোবাইল অ্যাপ অথবা অন্যান্য অনুমোদিত ডিজিটাল মাধ্যমে প্রকাশ করা যাবে, যাতে সকল সদস্য সহজে তা দেখতে, ডাউনলোড করতে এবং প্রয়োজন অনুযায়ী ব্যবহার করতে পারেন।

ধারা-৯ : Version Control

গঠনতন্ত্রের প্রতিটি অনুমোদিত সংস্করণ একটি স্বতন্ত্র Version Number দ্বারা চিহ্নিত হবে, যাতে সংশোধনের ধারাবাহিকতা ও প্রামাণিকতা সংরক্ষিত থাকে।

উদাহরণস্বরূপ:

- ❖ Version 1.0: প্রথম অনুমোদিত গঠনতন্ত্র (২০২৬)
- ❖ Version 1.1: প্রথম সংশোধনী
- ❖ Version 1.2: দ্বিতীয় সংশোধনী
- ❖ Version 2.0: মৌলিক বা ব্যাপক সংশোধনের পর প্রকাশিত নতুন সংস্করণ

প্রতিটি সংস্করণে অনুমোদনের তারিখ, কার্যকারিতা শুরুর তারিখ এবং সংশোধনের সংক্ষিপ্ত বিবরণ (Revision History) সংযুক্ত থাকবে।

অধ্যায় ১১

সংগঠন বিলুপ্তি ও সম্পদের নিষ্পত্তি (Dissolution & Disposal of Assets)

”একটি প্রতিষ্ঠান তার কার্যক্রমে যেমন দায়বদ্ধ, তেমনি প্রয়োজনে তার সমাপ্তিতেও সমানভাবে দায়িত্বশীল।”

ধারা-১: বিলুপ্তির সিদ্ধান্ত

BIZHGAA কেবলমাত্র বিশেষ ও অনিবার্য পরিস্থিতিতে বিলুপ্ত করা যেতে পারে। সংগঠন বিলুপ্তির প্রস্তাব কার্যনির্বাহী কমিটি অথবা কমপক্ষে এক-তৃতীয়াংশ (১/৩) Life Member-এর লিখিত বা অনুমোদিত অনলাইন আবেদনের ভিত্তিতে সাধারণ সভায় উপস্থাপন করা যাবে।

ধারা-২: অনুমোদন

সংগঠন বিলুপ্তির সিদ্ধান্ত কার্যকর হওয়ার জন্য সাধারণ সভায় উপস্থিত সদস্যদের কমপক্ষে তিন-চতুর্থাংশ (৩/৪) সংখ্যাগরিষ্ঠ সমর্থন আবশ্যক হবে।

ধারা-৩: দেনা-পাওনা নিষ্পত্তি

বিলুপ্তির সিদ্ধান্ত গৃহীত হলে সর্বপ্রথম:

- ❖ সকল বৈধ দেনা-পাওনা পরিশোধ করতে হবে।
- ❖ চলমান আর্থিক ও প্রশাসনিক দায়বদ্ধতা নিষ্পত্তি করতে হবে।
- ❖ ব্যাংক হিসাব আইনানুগভাবে বন্ধ করতে হবে।
- ❖ সকল আর্থিক লেনদেনের চূড়ান্ত হিসাব প্রস্তুত করতে হবে।

ধারা-৪: সংগঠনের সম্পদের নিষ্পত্তি

সকল দেনা-পাওনা পরিশোধের পর অবশিষ্ট অর্থ, স্থাবর-অস্থাবর সম্পদ, প্রকাশনা, নথিপত্র, ডিজিটাল তথ্যভাণ্ডার, ওয়েবসাইট, ডোমেইন, লোগো, পতাকা, আর্কাইভ এবং অন্যান্য মেধাস্বত্ব কোনো ব্যক্তি, সদস্য বা পদাধিকারীর মধ্যে বণ্টন করা যাবে না।

ধারা-৫: নথি সংরক্ষণ

সংগঠন বিলুপ্ত হলেও এর ইতিহাস, গুরুত্বপূর্ণ নথিপত্র, স্মারক, প্রকাশনা, আলোকচিত্র এবং ডিজিটাল আর্কাইভ যথাসম্ভব সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে, যাতে ভবিষ্যৎ প্রজন্ম প্রতিষ্ঠানের ঐতিহ্য সম্পর্কে অবগত থাকতে পারে।

ধারা-৬: চূড়ান্ত প্রতিবেদন

বিলুপ্তি-সংক্রান্ত সকল কার্যক্রম সম্পন্ন হওয়ার পর কার্যনির্বাহী কমিটি একটি Final Dissolution Report প্রস্তুত করবে, যেখানে আর্থিক হিসাব, সম্পদের নিষ্পত্তি এবং প্রশাসনিক কার্যক্রমের পূর্ণাঙ্গ বিবরণ অন্তর্ভুক্ত থাকবে।

ধারা-৭: প্রতিষ্ঠানের প্রতি অঙ্গীকার

যদি কোনো কারণে BIZHGAA তার সাংগঠনিক কার্যক্রম অব্যাহত রাখতে অসমর্থ হয়, তবে সংগঠনের অবশিষ্ট সম্পদ ও সম্পদমূল্য প্রথম অগ্রাধিকার হিসেবে বেগম ইকবাল জাকির হোসেন বালিকা উচ্চ বিদ্যালয়ের শিক্ষা, অবকাঠামো উন্নয়ন, মেধাবৃত্তি বা শিক্ষার্থীদের কল্যাণমূলক কাজে ব্যবহারের জন্য হস্তান্তরের চেষ্টা করা হবে। যদি আইনগত বা বাস্তব কারণে তা সম্ভব না হয়, তবে ধারা-৪ অনুযায়ী সাধারণ সভার সিদ্ধান্ত কার্যকর হবে।

অধ্যায় ১২
বিবিধ (Miscellaneous Provisions)

"প্রতিটি সুদৃঢ় প্রতিষ্ঠানের শক্তি শুধু তার বিধানে নয়, বরং সেই বিধানের সুষ্ঠু প্রয়োগে।"

ধারা-১: গঠনতন্ত্রের ব্যাখ্যা

এই গঠনতন্ত্রের কোনো ধারা বা বিধানের ব্যাখ্যা নিয়ে মতভেদ সৃষ্টি হলে কার্যনির্বাহী কমিটির ব্যাখ্যা কার্যকর হবে। তবে প্রয়োজনে বিষয়টি সাধারণ সভায় উপস্থাপন করে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা যাবে।

ধারা-২: ভাষা

এই গঠনতন্ত্রের বাংলা সংস্করণ হবে মূল ও প্রামাণ্য দলিল। প্রয়োজনে একটি ইংরেজি অনুবাদ প্রস্তুত করা যেতে পারে; তবে বাংলা ও ইংরেজি সংস্করণের মধ্যে কোনো অসঙ্গতি দেখা দিলে বাংলা সংস্করণই চূড়ান্ত ও প্রামাণ্য বলে গণ্য হবে।

ধারা-৩: ডিজিটাল যোগাযোগ

সংগঠনের অফিসিয়াল ওয়েবসাইট, সদস্য পোর্টাল, মোবাইল অ্যাপ, ই-মেইল, এসএমএস এবং কার্যনির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত ডিজিটাল যোগাযোগমাধ্যমের মাধ্যমে প্রেরিত বিজ্ঞপ্তি, নোটিশ ও তথ্য অফিসিয়াল যোগাযোগ হিসেবে গণ্য হবে।

ধারা-৪: নৈতিকতা ও স্বার্থের সংঘাত (Code of Ethics & Conflict of Interest)

কোনো পদাধিকারী বা সদস্য এমন কোনো সিদ্ধান্ত গ্রহণ বা কার্যক্রমে অংশগ্রহণ করবেন না, যেখানে তাঁর ব্যক্তিগত, পারিবারিক বা আর্থিক স্বার্থ সংগঠনের স্বার্থের সঙ্গে প্রত্যক্ষ সংঘাত সৃষ্টি করে। এ ধরনের পরিস্থিতিতে সংশ্লিষ্ট সদস্য নিজেকে সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়া থেকে বিরত রাখবেন এবং বিষয়টি কার্যনির্বাহী কমিটিকে অবহিত করবেন।

ধারা-৫: সম্মানসূচক স্বীকৃতি

সংগঠনের উন্নয়ন, শিক্ষা, সমাজসেবা অথবা Alumni Association-এর প্রতি অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ কার্যনির্বাহী কমিটি ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সম্মাননা, ক্রেস্ট, সনদ অথবা অন্যান্য স্বীকৃতি প্রদান করতে পারবে।

ধারা-৬: অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি

এই গঠনতন্ত্রে উল্লেখ নেই এমন কোনো বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের প্রয়োজন হলে কার্যনির্বাহী কমিটি গঠনতন্ত্রের মূলনীতি, সংগঠনের উদ্দেশ্য, স্বচ্ছতা, জবাবদিহিতা ও সদস্যদের সর্বোত্তম স্বার্থ বিবেচনা করে সিদ্ধান্ত গ্রহণ করবে। পরবর্তী সাধারণ সভায় সেই সিদ্ধান্ত অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।

ধারা-৭: কার্যকারিতা

এই গঠনতন্ত্র সাধারণ সভায় অনুমোদিত হওয়ার সঙ্গে সঙ্গে কার্যকর হবে এবং পরবর্তী সংশোধন না হওয়া পর্যন্ত BIZHGAA-এর সর্বোচ্চ সাংগঠনিক দলিল (Supreme Governing Document) হিসেবে বলবৎ থাকবে।

ধারা-৮: প্রণয়ন ও স্বীকৃতি

এই গঠনতন্ত্র Begum Iqbal Zakir Hossain Girls' Alumni Association (BIZHGAA)-এর প্রতিষ্ঠাকালীন প্রয়োজন, লক্ষ্য, আদর্শ এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা বিবেচনায় প্রণীত হয়েছে। এটি প্রতিষ্ঠাতা সদস্যবৃন্দের সম্মতিক্রমে গৃহীত এবং সাধারণ সভায় অনুমোদনের মাধ্যমে কার্যকর হবে



FLAG SPECIFICATIONS

- Proportion : 3 : 2
- Background : Navy Blue
- Primary Colors : Navy Blue, Gold, White, Green
- Material : Polyester / Satin
- Printing : Full Color

FULL FLAG VIEW (3:2)



TABLE FLAG



PENNANT (CONVENER)



Begum Iqbal Zakir Hossain Girls' Alumni Association (BIZHGAA)
www.bizhgaa.org
info@bizhgaa.org
BIZHGAA.Official

সমাপনী ঘোষণা (Closing Declaration)

”শিকড়ের টানে, প্রাণের বন্ধনে—অতীতের স্মৃতি, বর্তমানের বন্ধন এবং ভবিষ্যতের স্বপ্নকে একসূত্রে গাঁথাই আমাদের অঙ্গীকার।”

এই Constitution & Bylaws হলো Begum Iqbal Zakir Hossain Girls' Alumni Association (BIZHGAA)-এর প্রতিষ্ঠাকালীন আদর্শ, লক্ষ্য, মূল্যবোধ ও সাংগঠনিক দর্শনের একটি লিখিত দলিল।

এই গঠনতন্ত্রের মূল উদ্দেশ্য প্রাক্তন শিক্ষার্থীদের মধ্যে পারস্পরিক সম্প্রীতি, আজীবন বন্ধন, সামাজিক দায়বদ্ধতা, নেতৃত্বের বিকাশ, সুশাসন, স্বচ্ছতা এবং প্রযুক্তিনির্ভর আধুনিক সংগঠন পরিচালনার একটি সুদৃঢ় ভিত্তি প্রতিষ্ঠা করা।

আমরা বিশ্বাস করি, এই গঠনতন্ত্র শুধু বর্তমান প্রজন্মের জন্য নয়; ভবিষ্যৎ প্রজন্মের প্রাক্তন শিক্ষার্থীদের জন্যও একটি দিকনির্দেশক দলিল হিসেবে কাজ করবে।

সময়ের পরিবর্তন, নতুন চ্যালেঞ্জ এবং ভবিষ্যতের প্রয়োজন অনুযায়ী এই গঠনতন্ত্র সংশোধিত হতে পারে; তবে এর মৌলিক আদর্শ—ঐক্য, অংশগ্রহণ, সততা, জবাবদিহিতা, মানবিকতা এবং প্রিয় শিক্ষাপ্রতিষ্ঠানের প্রতি আজীবন ভালোবাসা—চিরকাল অটুট থাকবে।

আমরা প্রত্যাশা করি, BIZHGAA-এর প্রতিটি সদস্য এই গঠনতন্ত্রের চেতনা ধারণ করে সংগঠনকে আরও শক্তিশালী, মর্যাদাপূর্ণ এবং মানবকল্যাণে নিবেদিত একটি আদর্শ Alumni Association হিসেবে প্রতিষ্ঠিত করবেন।

APPROVAL OF THE CONSTITUTION

Begum Iqbal Zakir Hossain Girls' Alumni Association (BIZHGAA)

Resolution

This Constitution & Bylaws (Founding Edition, Version 1.0–2026) was placed before the General Meeting for consideration and approval.

The General Meeting hereby adopts this Constitution as the governing document of Begum Iqbal Zakir Hossain Girls' Alumni Association (BIZHGAA) effective from the date of approval.

Date: 10th July, 2026
Venue: Hotel Tasfia, C.R.B, Chattogram.
Resolution No.: 02

Approved By

(Anjana Roy Chowdhury)
Convener
First Reunion–2026 (BIZHGAA)